

তারিখ ... ..  
পৃষ্ঠা .. ৬ .. ক্রম ... ৬ ...

## ব্রিটনের পর এবার আসছেন উন্নয়নমন্ত্রী ॥ ১২৭ প্রজেক্টে ব্রিটেন অর্থ বিনিয়োগ করবে

কূটনৈতিক রিপোর্টার ॥ ব্রিটিশ প্রধানমন্ত্রী টনি ব্লেয়ারের পর এবার সেই দেশের আন্তর্জাতিক উন্নয়ন বিষয়কমন্ত্রী হিলারি বেন বাংলাদেশ সফরে আসছেন। হিলারি বেন আগামী ১৪ থেকে ১৭ জানুয়ারি চার দিনব্যাপী বাংলাদেশ সফর করবেন। এই সফরের সময় বাংলাদেশের প্রশাসনিক সংস্কার এবং অর্থনৈতিক সহযোগিতা ও সম্প্রসারণ বিষয়কসহ বেশ কয়েকটি বিষয়ে চুক্তি হবে। এই চুক্তির ব্যাপারে ইতোমধ্যেই কাগজপত্র তৈরি হয়েছে। ব্রিটিশ প্রধানমন্ত্রী টনি ব্লেয়ার বাংলাদেশ সফরের সময় ত্রিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়েও আলোচনা বিষয়ও প্রাধান্য পায়। তখন বলা হয় যে, বিষয়গুলোর দুটিনাটি দিক পর্যালোচনা করে চূড়ান্ত ব্যবস্থা নেয়া হবে। মুক্তবাজার সরকার আগের বাংলাদেশকে প্রশাসনিক সংস্কারসহ কয়েকটি বিষয়ে আর্থিক সহযোগিতা দিতে সম্মতি জানিয়েছে। বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থা সংস্কার করা ছাড়াও বিভিন্ন পর্যায়ের ব্যবস্থাপনা

উন্নয়ন করা এই চুক্তির মূল উদ্দেশ্য। এ ছাড়া বাংলাদেশের বৈদ্যুতিক ব্যবস্থা আরও উন্নয়ন এবং তেল-গ্যাস উত্তোলনসহ বিভিন্ন বিষয়ে এ সময়ে চুক্তির সম্ভাবনা রয়েছে। ব্রিটিশ সরকার বাংলাদেশে ১২৭টি প্রজেক্টে তাদের অর্থ বিনিয়োগ করছে। এসব প্রজেক্টের বেশ কয়েকটির কাজ ত্বরান্বিত করা ছাড়াও কয়েকটি চুক্তি নবায়ন করা হতে পারে হিলারি বেনের বাংলাদেশ সফরের সময়। পরবর্তী মন্ত্রণালয়ের এক কর্মকর্তা অবশ্য জানান, হিলারি বেন আসছেন ব্রিটিশ প্রধানমন্ত্রী টনি ব্লেয়ারের বাংলাদেশ সফরের সময় কাজের ফলোআপ করতে। তিনি অবশ্য জানান, মি. বেন সফরের সময় ব্রিটেনের সঙ্গে বেশ কয়েকটি বিষয়ে চুক্তির সম্ভাবনা রয়েছে। এসব চুক্তির জন্য প্রাথমিক কাজ ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে। ঐ কর্মকর্তা অবশ্য আঞ্চলিকভাবে পুনর্গঠন এবং কাবুলে শান্তি প্রতিষ্ঠায় বাংলাদেশের অবস্থান সম্পর্কে মি. বেন কোন অবদান রাখবে, কিনা তা বিক্রান্ত জানাতে পারেননি।